

লোকসভায় মাতৃস্বকালীন সুবিধা সংশোধনী বিল পাশ হওয়ায় প্রধানমন্ত্রীর অভিনন্দন

নয়াদিল্লি, ১০ মার্চ, ২০১৭

লোকসভায় মাতৃস্বকালীন সুবিধা সংশোধনী বিল পাশ হওয়ায় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী অভিনন্দন জানিয়েছেন। মহিলা নেতৃত্বাধীন উন্নয়নের লক্ষ্যে একে এক ঐতিহাসিক মুহূর্ত বলে তিনি বর্ণনা করেছেন। এক বার্তায় তিনি বলেছেন, “মহিলা পরিচালিত উন্নয়নের লক্ষ্যে আমাদের প্রয়াসের নিরিখে লোকসভায় মাতৃস্বকালীন সুবিধা সংশোধনী বিল পাশ হওয়াটা এক ঐতিহাসিক মুহূর্ত।

মাতৃস্বকালীন সুবিধা সংশোধনী বিলটি মা ও শিশুর সুস্বাস্থ্য ও ভালো থাকা সুনিশ্চিত করে। মাতৃস্বকালীন অবকাশ বাড়ার সংস্থানকে স্বাগত।

মাতৃস্বকালীন সুবিধা সংশোধনী বিলের জন্যই মেয়েদের কর্মসংস্থান সুরক্ষিত থাকে। বিভিন্ন দপ্তরের শিশুপালন ব্যবস্থা বা ক্রেস-এর বাধ্যতামূলক সংস্থান অভিনন্দনযোগ্য।